# দীর্ঘস্থায়ী কীটনাশক জালের (LLIN) উৎপাদক এবং রেজিস্ট্রেশন হোল্ডারদের জন্য নির্দেশিকা

DO NOT PRINT

## ভূমিকা

ইউনাইটেড নেশন্স ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (UNIDO) এবং ইউনাইটেড নেশন্স এনভায়রনমেন্ট প্রোগ্রাম (UNEP), গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি (GEF) এর সহায়তায়, ম্যালেরিয়া প্রতিরোধে DDTর বিকল্প হিসেবে নন-পারসিসটেন্ট অর্গানিক পল্যুট্যান্ট (নন পপস) তৈরির এবং প্রচারের জন্য ভারতের সাথে কাজ করছে। বিকল্পগুলির মধ্যে অন্যতম হল লঙ লাস্টিং ইন্সেকটিসাইডাল নেট(LLINs): মশারি যার কাপড়ের তন্তুতে কীটনাশক লাগানো বা মেশানো থাকে।

ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের (MoHFW) অধীনস্থ ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC) ম্যালেরিয়া নিয়ন্ত্রণের উপযোগী মুল বাহক নিয়ন্ত্রক হিসাবে LLINs এর ব্যবহারের সুপারিশ করে। এই জালগুলি নিরাপদ, কার্যকর, পরিবেশ বান্ধব এবং DDT এর টেকসই বিকল্প। ভারতের ডিডিটি উৎপাদন বন্ধ করার প্রতিশ্রুতির কারণে, বাহক নিয়ন্ত্রণ কর্মসূচিতে, ডিডিটির বিকল্প, মুলত LLIN এর চাহিদা বৃদ্ধি হতে পারে, তাই নতুন LLINs এর উৎপাদক এবং আমদানিকারকদের জন্য একটি উল্লেখযোগ্য সুযোগ রয়েছে। তাছাড়া, আন্তর্জাতিক বাজারের চাহিদা মেটাতে এই পণ্যগুলি রপ্তানির সুযোগ বিবেচনা করে দেখলে দেখা যায় ভারত LLINs এর উৎপাদনের একটি সম্ভাব্য উল্লেখযোগ্য কেন্দ্র হয়ে উঠতে পারে।

ভারত সরকার এবং সংশ্লিষ্ট রাজ্য সরকারের প্রয়োজনীয় নিয়ন্ত্রণবিধিগুলি জানা এবং অনুসরণ করা উৎপাদক, রপ্তানিকারক এবং আমদানিকারকদের জন্য গুরুত্বপূর্ণ।


**গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রনবিধিঃ**

- কীটনাশক আইন, 1968 এবং কীটনাশক বিধি, 1971
- প্লাষ্টিক ওয়েস্ট ম্যানেজমেন্ট রুলস, 2016
- ইন্ডিয়ান কন্ট্রাক্ট অ্যাক্ট, 1872



# LLINs এর উৎপাদক, আমদানি ও রপ্তানিকারকদের জন্য নির্দেশিকা


- দেশীয় ব্যবহার এবং রপ্তানির উদ্দেশ্যে কারখানা স্থাপনের জন্য অনুসরণীয় আইনি প্রক্রিয়া




ভারতে নতুন ব্যবসা/কারখানা স্থাপনের জন্য অনুসরণীয় আইনি প্রক্রিয়া[1]

DO NOT PRINT

- সমস্ত দেশীয় উৎপাদক এবং আমদানিকারকদের দ্বারা LLIN এর বাধ্যতামূলক নথিভুক্তিকরন




LLIN এর নথিভুক্তিকরনের প্রক্রিয়া

---

1 https://dipp.gov.in/sites/default/files/approval_clearances_required_for_new_projects.pdf

- যে রাজ্যে কারখানা স্থাপন করা হয়েছে, সেই রাজ্য সরকারের থেকে অনুমোদন (উৎপাদনের লাইসেন্স)।
- বিধির অনুসরণ
  - সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটির (CIB&RC) জারি করা নথিভুক্তির শংসাপত্রে উল্লিখিত শর্তাবলী (যেমন, প্রযুক্তিগত মাপকাঠি বা বৈশিষ্ট্য, লেবেলিং এবং প্যাকেজিং, কাঁচামালের গুণমান ইত্যাদি) মেনে চলা।
  - কারখানা চালু করার আগে এবং পরে অনুসরণীয় নিয়ন্ত্রক পদ্ধতি অনুসরণ করা (LLIN এর নথিভুক্তিকরন এবং প্রয়োজনীয় ছাড়পত্রের জন্য একইসাথে আবেদন করা সম্ভব)।
  - রপ্তানি এবং আমদানির জন্য প্রয়োজনীয় বিধির অনুসরণ (শুধুমাত্র আমদানি ও রপ্তানিকারকদের জন্য)
- আন্তর্জাতিক বিডিং এ অংশগ্রহণকারী রপ্তানিকারকদের WHO এর নির্দেশিকা অনুসরণ করতে হতে পারে (নীচে উদাহরণ দেওয়া আছে )।


গাইডলাইনস ফর কোয়ালিটি কন্ট্রোল অফ পেস্টিসাইডস। পেস্টিসাইড বিতরণ ও ব্যবহারের আন্তর্জাতিক আচরণবিধি[2]

ভেক্টর কন্ট্রোল প্রোডাক্ট প্রিকোয়ালিফিকেশন পেজ [3,4]

## LLIN এর রেজিস্ট্রেশন হোল্ডারের জন্য নির্দেশিকা

দেশীয় ব্যবহার, আমদানি এবং রপ্তানির উদ্দেশ্যে তৈরি সমস্ত LLIN এর প্রত্যেকটিকে পৃথকভাবে CIB&RC র অধীনে নথিভুক্ত করাতে হবে। উৎপাদকরা নথিভুক্তির শংসাপত্র পাওয়ার পর, তারা রেজিস্ট্রেশন হোল্ডার হিসাবে বিবেচিত হবে।

- নথিভুক্ত LLIN এর NCVBDC-এর অন্তর্গত জনস্বাস্থ্য কর্মসূচীতে, (ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম, NVBDCP) অন্তর্ভুক্তিকরণ।
  - ভারতে বর্তমানে শুধুমাত্র জনস্বাস্থ্য প্রকল্পেই LLIN এর ব্যবহার অনুমোদিত। খুচরো বাজারে বিক্রির জন্য নয়।
  - জাতীয় জনস্বাস্থ্য প্রকল্পে LLIN এর অন্তর্ভুক্তিকরণের জন্য রেজিস্ট্রেশন হোল্ডারদের NCVBDC এর দ্বারস্থ হতে হবে।




**NCVBDC এর অন্তর্গত জনস্বাস্থ্য প্রকল্পে (NVBDCP) LLIN এর অন্তর্ভুক্তিকরণের প্রক্রিয়া**

DO NOT PRINT

2 https://www.who.int/publications/i/item/who-htm-ntd-whopes-2011.4
3 https://extranet.who.int/pqweb/vector-control-products
4 https://extranet.who.int/pqweb/vector-control-products/prequalified-product-list

[ভেক্টর নিয়ন্ত্রণে ব্যবহারের জন্য জৈবলার্ভানাশক সহ জনস্বাস্থ্য কীটনাশকের অভিন্ন মূল্যায়নের জন্য সংশোধিত সাধারণ প্রোটোকল][5]

[ন্যাশনাল ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল প্রোগ্রামের জনস্বাস্থ্য প্রকল্পে জৈবলার্ভানাশক সহ অন্যান্য কীটনাশকের সংযুক্তির জন্য তৈরি স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি][6]

- জনস্বাস্থ্য প্রকল্পের মাধ্যমে LLIN এর বানিজ্যিকিকরণ
  - ভারতে কেন্দ্রীয় স্তরে LLIN এর কেনাকাটি স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রালয়ের সেন্ট্রাল মেডিক্যাল সার্ভিস সোসাইটি (CMSS) দ্বারা হয়।
  - এছাড়াও, প্রতিরক্ষা দপ্তর, পুলিশ দপ্তর, এবং ভারতের স্বরাষ্ট্র মন্ত্রকের অন্তর্ভুক্ত আরও কিছু দপ্তর LLIN কেনে।
  - সংশ্লিষ্ট সরকারি সংস্থাগুলির কেনাকাটি পদ্ধতি এবং বিডিং সংক্রান্ত শর্তাবলী মেনে চলতে হয়।

## গুরুত্বপূর্ণ ওয়েব লিঙ্কঃ

| | |
|---|---|
| **সেন্ট্রাল ইন্সেকটিসাইড বোর্ড অ্যান্ড রেজিস্ট্রেশন কমিটির (CIB&RC)** | ppqs.gov.in/divisions/central-insecticides-board-registration-committee |
| **ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড (BIS)** | www.bis.gov.in/ |
| **ন্যাশনাল সেন্টার ফর ভেক্টর বোর্ন ডিজিজ কন্ট্রোল (NCVBDC)** | ncvbdc.mohfw.gov.in/ |
| **সেন্ট্রাল মেডিক্যাল সার্ভিস সোসাইটি (CMSS)** | www.cmss.gov.in/ |

DO NOT PRINT

5 https://ncvbdc.mohfw.gov.in/Doc/Revised-Common-Protocol-2014.pdf

6 https://ncvbdc.mohfw.gov.in/Doc/Final%20Interim%20Standard%20Operating%20Procedure%20(SOP)%20%20for%20introduction%20of%20public%20health%20pesticides%20including%20biolarvicides%20in%20the%20NVBDCP.pdf